

ভারতের বিমা ক্ষেত্রে বৃদ্ধির আশা করছে ইন্ডিয়া ফার্স্ট

নিজস্ব সংবাদদাতা : ভারতের অন্যতম দ্রুত বৃদ্ধিপ্রাপ্ত লাইফ ইনসিওরেন্স কোম্পানি ইন্ডিয়া ফার্স্ট লাইফ-এর ভারতের বিমাক্ষেত্রে উপর্যুপরি চার বছর ধরে পেইড আপ শেয়ার ক্যাপিটালের পরিমাণ হল ৪৭৫ কোটি টাকা। এ সম্পর্কে ইন্ডিয়া ফার্স্ট লাইফ ইনসিওরেন্সের সিইও এবং ম্যানেজিং ডিরেক্টর ডাঃ পি. নন্দগোপাল বলেন, গত চার বছর বিমা ক্ষেত্রে অত্যন্ত কঠিন সময়ের মধ্যে দিয়ে পার করতে হয়েছে ইন্ডিয়া ফার্স্টকে। এই অবস্থার মধ্যেও আমরা আমাদের গ্রাহকদের মধ্যে আস্থা তৈরি করতে পেরেছি। গত ২০১২-১৩ আর্থিক বছরে ১.৭৪ মিলিয়ন জীবন সুরক্ষা করতে পেরেছে এই সংস্থা। ইন্ডিয়া ফার্স্ট গত চার বছরের সাফল্য সেলিব্রেট করার পাশাপাশি নিজেদের বৃদ্ধি ঘটিয়ে গ্রাহকদের প্রত্যাশামত পরিষেবা দিতে পেরেছে বলে জানান তিনি। প্রতিবছর ১০-২০ শতাংশ বৃদ্ধির আশা করেছে ইন্ডিয়া ফার্স্ট। নতুন বেশ কয়েকটি প্রোডাক্ট-এর পাশাপাশি হেলথ ক্লেম কার্ডের প্রণয়নও করেছে এই সংস্থা। জানান নন্দগোপাল।



A Joint Venture of

